নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজর হবার পর জামা‘আত দাঁড়ানোর পূর্বে সংক্ষিপ্ত দু’রাক‘আত সলাত আদায় করতেন।

হাফসাহ রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
ফাজর হবার পর জামা‘আত দাঁড়ানোর পূর্বে সংক্ষিপ্ত দু’রাক‘আত সলাত আদায় করতেন। অপর বর্ণনায়, ইকামাতের পূর্বে। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে হাফসা রাদিয়াল্লাহু আনহা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অবস্থা সম্পর্কে সংবাদ দেন যে, তিনি ফজরের দুই রাকা‘আত সুন্নাত পড়তেন। এর বেশি পড়তেন না। কারণ ইমাম মুসলিম হাফসা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, যখন ফজর উদয় হতো তখন কেবল দুই রাকা‘আত সংক্ষিপ্ত সালাত আদায় করতেন। এ হাদীসে তার কথা, “সংক্ষিপ্ত” অর্থাৎ কিয়াম, রুকূ ও সেজদায় সংক্ষেপ করতেন। অধিক সংক্ষিপ্ত করার কারণে, সহীহ বুখারির বর্ণনায় আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, তিনি কি সূরা ফাতিহা পড়েছেন? মুয়া’আত্তার একটি বর্ণনায় বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের দুই রাকা‘আত এত সংক্ষেপ করতেন এমনকি আমি বলতাম, সূরা ফাতিহা পড়ছেন নাকি পড়েন নাই। এর অর্থ এ নয় যে, তিনি দুই রাকা‘আতে এতো বেশি সং◌ংক্ষেপ করতেন যাতে রুকনসমূহ কিয়াম, রুকূ, সেজদা ইত্যাদি আদায়ে বিঘ্ন ঘটতো। সহীহ কথা হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্যান্য নফল সালাত যেগুলো তিনি খুব দীর্ঘ করতেন বলে জানা যায় তার তুলনায় সংক্ষেপ করতেন। ফজর উদয় হওয়ার পর” অর্থাৎ যখন ফজর উদয় হয়, তখন ইকামাতের পূর্বে। এর অর্থ হলো, ফজরের দুই রাকা‘আতের সময় হলো, ফজর উদয় হওয়া থেকে নিয়ে ফজরের সালাত পর্যন্ত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11248